দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 16 JUL 2015 ...
পৃষ্ঠা ... ১৪ কলাম ... ৬ ...

# ১৮ বছরেও এমপিওভুক্ত হয়নি জিএস বালিকা উচ্চ বিদ্যালয়

■ মান্দা (নওগাঁ) সংবাদদাতা .

মান্দা উপজেলার জিএস বালিকা উচ্চ বিদ্যালয় দীর্ঘ ১৮ বছর অতিবাহিত হওয়ার পরেও এমপিওভুক্ত হয়নি। এতে বিদ্যালয়টির শিক্ষক/কর্মচারীরা তাদের পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছে।

সরকারি নীতিমালা অনুযায়ী প্রতিটি ইউনিয়নে অন্তত একটি করে বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠার বিধান রয়েছে। বহুবার আবেদন নিবেদন করে দীর্ঘ ১৮ বছরেও এমপিওভুক্ত হয়নি। পাওয়া যায়নি সরকারিভাবে ভবন। ফলে শিক্ষক-কর্মচারীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে।

মান্দা উপজেলার এ বিদ্যালয়টির দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য কাজী আবুল কাসেম তার নিজস্ব জমিতে প্রায় ১৮ বছর আগে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত করেন। বিদ্যালয়টিতে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী মিলে প্রায় সাড়ে ৪শ শিক্ষার্থী রয়েছে। ১৫ জন শিক্ষক ও ৪ জন কর্মচারী কর্মরত।

২০০৪ থেকে ২০১৫ সাল পর্যন্ত প্রত্যেক বছর ৮ম শ্রেণীতে ২/১টি করে বৃত্তি পেলেও গত ১০ বছরে এসএসসি পরীক্ষায় পাসের হার শতভাগ। জেলার সরকারি-বেসরকারি বিভিন্ন বিদ্যালয় থেকে কোন দিকেই এ প্রতিষ্ঠানটি পিছিয়ে নেই। সকল শিক্ষক-কর্মচারীর প্রায় একই সময় নিয়োগ ও যোগদান হলেও ২০০৪ সালে ১৯ জন শিক্ষক-কর্মচারীর মধ্যে নিম্ন মাধ্যমিক অংশে মাত্র ৮ জন শিক্ষক ও ৩ জন কর্মচারী এমপিওভুক্ত হন। প্রায় একই সঙ্গে মাধ্যমিক শাখা এমপিওভুক্তির যোগ্য হওয়া সত্ত্বেও উপেক্ষিত থেকে যান এ অংশের ৭ জন শিক্ষক ও একজন কর্মচারী।